

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭০৬

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৪. তৃতীয় অনুচ্ছেদ - দণ্ডায়মান হওয়া

আরবী

رُعُن

وَاثِلَة بِنِ الخطابِ قَالَ: دَخَلَ رَجُلُ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ فِي الْمَسْجِدِ قَاعِدٌ فَتَزَحْزَحَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ. فَقَالَ الرَّجُلُ: يَا رَسُولَ اللَّهِ إِلَى مَسْجِدِ قَاعِدٌ فَتَزَحْزَحَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ لِلْمُسْلِمِ لَحَقًّا إِذَا رَآهُ أَخُوهُ إِنَّ فِي الْمَكَانِ سَعَةً. فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ لِلْمُسْلِمِ لَحَقًّا إِذَا رَآهُ أَخُوهُ أَنْ يَتَزَحْزَحَ لَهُ» . رَوَاهُمَا الْبَيْهَقِيُّ فِي «شعب الْإِيمَان»

বাংলা

8৭০৬-[১২] ওয়াসিলাহ্ ইবনুল খত্বাব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম মসজিদে উপবিষ্ট ছিলেন। জনৈক ব্যক্তি রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে উপস্থিত হলো। তখন রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম একটু সরে আগন্তুকের জন্য জায়গা করে দিলেন। লোকটি বলল : হে আল্লাহর রসূল! বেশ প্রশস্ত জায়গা রয়েছে। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ একজন মুসলিমের অবশ্য কর্তব্য যে, যখন সে তার কোন মুসলিম ভাইকে আসতে দেখবে, তখন কিছুটা নড়াচড়া করে তার জন্য জায়গা করে দেবে। [উল্লেখিত হাদীসদ্বয় ইমাম বায়হাকী (রহিমাহুল্লাহ) "শু'আবুল ঈমানে" বর্ণনা করেছেন।][1]

ফটনোট

[1] য'ঈফ: শু'আবুল ঈমান লিল বায়হাকী ৮৯৩৩, য'ঈফুল জামি' ১৯৬৭।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ হলো, এর সনদে আছে "মুজালিদ ইবনু ফারকদ" নামের একজন বর্ণনাকারী, তার ব্যাপারে ইমাম যাহাবী (রহিমাহুল্লাহ) তাঁর "আল মুগনী" কিতাবে বলেনঃ আল ফিরয়াবী নামের বর্ণনাকারী তার থেকে অনেক মুনকার হাদীস বর্ণনা করেছে। আরেকজন বর্ণনাকারীর নাম 'আবদুল ওয়াহ্ব ইবনু আয্ যহুাক আল হিমসী। তার সম্পর্কে ইমাম যাহাবী (রহিমাহুল্লাহ) বলেনঃ সে মিথ্যার অভিযোগে অভিযুক্ত। মুহাদ্দিসগণ তাকে ত্যাগ করেছেন। বিস্তারিত দেখুন- সিলসিলাতুয্ য'ঈফাহ্ ১৪/১২১৬ পৃঃ, হাঃ ৭১১৭।



ব্যাখ্যা

ব্যাখ্যাঃ রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর ভাষ্য (أَنْ يَتَزَحْزَحَ لَهُ) বর্ণটির অর্থ হলো সে যেন তার ভাইয়ের বসার সুবিধার্থে নড়ে চড়ে বসে। অর্থাৎ কোন মাজলিসে কিংবা কোন আলোচনা সভায় জায়গা সংকীর্ণ হলে চেপে বসে অন্যদেরকে বসার সুযোগ করে দেয়া। কারণ দীনী আলোচনা শোনার অধিকার সকলের সমান। কাজেই অপর মু'মিন ভাইকে বসার সুযোগ ঈমানের দাবী রাখে।

ইমাম ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেছেনঃ মুস্তাহাব হলো প্রবেশকারীকে সম্মান করা এবং তার বসার সুযোগ করে দেয়া। সহীহ মুসলিমে 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত, তোমরা মানুষদেরকে বসাও তাদের মর্যাদা অনুযায়ী। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ ওয়াসিলাহ ইবনুল খত্ত্বাব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন